

বিএডিসি'র প্রধান কার্য ালয় পরিদর্শন করলেন কৃষি উপদেষ্টা

অদ্য ২৬ অক্টোবর, ২০২৪ তারিখে মাননীয় কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর প্রধান কার্য ালয় পরিদর্শন করেন। পরিদর্শনকালে কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সার ব্যবস্থাপনা ও উপকরণ) ড. নুরুন নাহার চৌধুরী এনডিসি, বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি ও অন্যান্য প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

মাননীয় কৃষি ও স্বরাষ্ট্র উপদেষ্টা উপস্থিত বিএডিসি'র সকল পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে উপদেষ্টা বলেন, কৃষকরাই দেশ বাঁচিয়ে রেখেছেন। কৃষকদের কোন মূল্যায়ন হয় না। কৃষির মূল তিনটি উপকরণ বীজ, সার ও সেচ বিএডিসি সরবরাহ করে থাকে। কৃষকদের সার্বক্ষণিক সাহায্য সহযোগিতা করতে হবে। আলু বীজের ক্ষেত্রে যাতে কোন সমস্যা না হয় সে বিষয় খেয়াল করতে হবে। আর্থিক বিধি বিধান মেনে কাজ করতে হবে। ছাত্রদের বৈষম্যবিরোধী আন্দোলনের কথা উল্লেখ করে কৃষি উপদেষ্টা বলেন, ঘুষ, চাঁদাবাজি, দুর্নীতি, দ্রব্যমূল্য বৃদ্ধিসহ সকল প্রকার বৈষম্যের বিরুদ্ধে আন্দোলন হয়েছে। ঘুষ ও দুর্নীতি থেকে সরে না আসলে আমাদের দেশের উন্নতি হবে না। আমাদের নিজেদেরকে আগে পরিশুদ্ধ হতে হবে। আমরা যাদের করের টাকায় চলি সে সকল জনগণের সেবা করতে হবে। মতবিনিময় শেষে মাননীয় কৃষি উপদেষ্টা বিএডিসি'র বিভিন্ন বিভাগের নথি পরিদর্শন, ক্যান্টিনের খাবারের মান যাচাই এবং মূল্যবান পরামর্শ প্রদান করেন।

